

046

**মুদ্রণ শিল্প সমিতির সহিত
 টেক্সটবুক বোর্ডের পুস্তক
 মুদ্রণের সম্পর্ক নাই**
 (ইত্তেফাক রিপোর্ট)
 গতকাল (মঙ্গলবার) জাতীয়
 শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ডের
 তালিকাভুক্ত মুদ্রাকররা এক সাং-
 বাদিক সম্মেলনে বলেন, মুদ্রণ শিল্প
 সমিতির সহিত যেমন টেক্সটবুক
 বোর্ডের কোন সম্পর্ক নাই তেমনি
 বোর্ডের পাঠ্যপুস্তক মুদ্রণ কাজে
 নিয়োজিত (২য় পৃ: ৫:)

মুদ্রণ শিল্প সমিতির সহিত
 (১ম পৃ: পর)
 দুই শতাধিক প্রেসেরও কোন সম্পর্ক
 নাই। তাহারা বলেন, পাঠ্যপুস্তক
 মুদ্রণ সংক্রান্ত ব্যাপারে কোন দাবী-
 দাওয়া বোর্ডের নিকট পেশ করার
 এবং পাঠ্য পুস্তক মুদ্রণের জন্য
 নীতি নির্ধারণ ব্যাপারে হস্তক্ষেপ
 করার কোন অধিকার মুদ্রণ শিল্প
 সমিতির নাই। মুদ্রাকরদের পক্ষে
 মোফাজ্জল হোসেন মায়ান বলেন,
 টেক্সট বুক বোর্ডের মুদ্রণ কাজের হার
 কম হইলেও জাতীয় স্বার্থে মুদ্রা-
 কররা বোর্ডের বই মুদ্রণ করে এবং
 বোর্ডের কর্মকর্তাদের বিরুদ্ধেও মুদ্রা-
 কর দের কোন অভিযোগ নাই।
 তিনি মুদ্রণ শিল্প সমিতির কোন কোন
 কর্মকর্তার বিরুদ্ধে কতিপয় অভি-
 যোগ উপস্থাপন করেন।

**টেক্সটবুক বোর্ড
 কর্মকর্তার বক্তব্য**
 মুদ্রণ শিল্প সমিতির অভিযোগের
 প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও
 টেক্সটবুক বোর্ডের চেয়ারম্যান
 সোমবার এক সাংবাদিক সম্মেলনে
 বলেন, বোর্ডের দূনীতি সংক্রান্ত
 সমিতির অভিযোগ অযৌক্তিক ও
 উদ্দেশ্যমূলক। মিথ্যা ও বানোয়াট
 কিছু অভিযোগ উপস্থাপন করিয়া
 বোর্ড কর্তৃপক্ষকে হেয় প্রতিপন্ন
 করার অপচেষ্টা করা হইয়াছে।
 সমিতির উপদেষ্টা কমিটি সংক্রান্ত

আভযোগ সম্পর্কে বলা হয়,
 এই কমিটি বোর্ড কর্তৃক গঠিত
 অন্যান্য কমিটির মত একটি।
 কাজেই মুদ্রণ শিল্প সমিতির অনু-
 রোধে কমিটির বৈঠক ডাকিতে
 হইবে এমন বাধ্যবাধকতা নাই।
 ১০টি প্রেস সম্পর্কে বলা হয়,
 অভিযুক্ত এইসব প্রেসের বিরুদ্ধে
 আইনানুগ ব্যবস্থা নেওয়া হইয়াছে
 এবং হইতেছে। গত কয়েক বছরে
 এইসব প্রেসের নিকট হইতে লক্ষা-
 ধিক টাকা ও ২০০ রীম কাগজও
 আদায় করা হইয়াছে। এইসব
 প্রেসের তালিকাভুক্তি বাতিল করা
 হইয়াছে এবং পরবর্তীতে তাহাদের
 কোন কাজ দেওয়া হয় নাই।